



ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা ব্যর্থ হলে সামরিক সংঘাতের হুঁশিয়ারি ইরানের



ইরানের পররাষ্ট্রমন্ত্রী অরাঘচি। ছবি: সংহীত

ইরান-যুক্তরাষ্ট্র আলোচনায় অগ্রগতি না হলে ফের সামরিক উত্তেজনা তৈরি হতে পারে বলে সতর্ক করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তার বক্তব্য অনুযায়ী, আলোচনা কোনো কার্যকর সমাধানে না পৌঁছালে সংঘাতের সম্ভাবনা আবারও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। খবরটি প্রকাশ করেছে আলজাজিরা। কূটনীতিকদের উদ্দেশ্যে দেওয়া এক বার্তায় আরাঘচি দাবি করেন, ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চাপিয়ে দেওয়া সংঘাত শুধু মধ্যপ্রাচ্যেই নয়, বরং যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ অর্থনীতিতেও চাপ তৈরি করছে।

তার ভাষ্য অনুযায়ী, চলমান উত্তেজনার কারণে জ্বালানি বাজারে অস্থিরতা দেখা দিয়েছে এবং বৈশ্বিক তেল পরিবহনের গুরুত্বপূর্ণ পথ হরমুজ প্রণালির কার্যক্রমও প্রভাবিত হচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে তিনি যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক চাপের বিষয়টি তুলে ধরে বলেন, যুদ্ধজনিত ব্যয়ের প্রভাব সাধারণ নাগরিকদের ওপরও পড়ছে। তিনি মার্কিন ট্রেজারি বন্ডের উর্ধ্বমুখী মুনাফার হার সম্পর্কিত একটি চিত্রও শেয়ারইরা করেন। আরাঘচি আরও বলেন, জ্বালানি ও শেয়ারবাজারের অস্থিরতার বাইরে মূল চাপ তৈরি হবে ঋণ ও বন্ধকী সুদের হার বাড়তে থাকলে। তার দাবি, ইতোমধ্যে গাড়ি ঋণে খেলাপির হার গত কয়েক দশকের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে।